



## বিপ্লব

যুদ্ধ শেষে  
গুটিয়ে নিয়েছে হাত  
কালো পিশাচ  
হাসেনারা সব মুছে ফেলেছে  
ট্রাটের কোনের রক্ত  
নুতন মুখোশে ঢেকে গেছে মুখ  
হিংস্র দানব পশুদের  
রাজাকার এখন দারুন বুয়ুর্গ ;  
আল্লা-ওয়াল্লা লোক

ক্ষমতা লিপ্সুর লকলকে জিভে আগুন  
লেলিহান শিখা পুডছে খুঁটি বিশ্বাসের  
ট্রাকের চাকায় পিষ্ট বিবেক চেতনা  
খুনী সীমারেরা রাজপথে খেলে  
রক্তের হলি খেলা

স্বাধীনতা আজ পরাজিত শোক ; মুহাম্মান গ্লানি  
নেতা নেই কোন-ও শুনাতে পারে যে অভয় বাণী  
লাঞ্ছিত আঁচল  
চাপা পরা হাসি  
বকুল সুবাস  
সহিংসতায় খাচ্ছে ভাই তার ভাই এর লাশ  
নির্মমতায় মানিয়েছে হার হানাদারেও

কড়া নাড়ে কে ?  
কে দরজার ওপাশে দাঁড়িয়ে ?  
ঘুলঘুলির ফাঁকে শুনা গেল যেন  
কার করুন দীর্ঘশ্বাস !

বিজয় উল্লাস থেমে গেছে রণ-চিৎকারে  
বিষাদের সুরে কাঁদছে নিভৃত স্বপ্না  
অসহায় জাতি , শৃংখলিত কানুন  
বিপন্ন বাংলাদেশ !

সঞ্চালিকা  
দাম্মাম , সৌদিআরব থেকে